দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 31 2000
পৃষ্ঠা ১৬ কলাম ৪

# মুহসীন হলে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে গোলাগুলী

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল রবিবার রাতে ছাত্রলীগের একটি সশস্ত্র গ্রুপ ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুহসীন হল দখল করিতে গেলে দুই গ্রুপের মধ্যে ব্যাপক গোলাগুলী হয়। গোপালগঞ্জ-শরিয়তপুর গ্রুপ নামে পরিচিত এই গ্রুপের ক্যাডাররা মাইক্রোবাস যোগে রাত সাড়ে ৮ টায় মুহসীন হলের গেটে পৌছাইয়া বৃষ্টির মত গুলী ছুঁড়িতে ছুঁড়িতে হলে ঢুকিবার চেষ্টা করিলে হল অভ্যন্তর হইতেও পাল্টা গুলী ছোঁড়া হয়। হল গেট প্রহরারত পুলিশ দ্রুত হল গেট বন্ধ করিয়া দিয়া অবস্থান নিলে হল দখল করিতে আগত ক্যাডাররা পালাইয়া যায়।

জানা যায়, গত শুক্রবার রাতে রুমে মদ্যপানের অভিযোগে হল কর্তৃপক্ষ মুহসীন হল হইতে ম্যানেজমেন্ট ৩য় বর্ষের ছাত্র আজাদকে পুলিশের হাতে তুলিয়া দেয়। পরে সে ছাড়া পাইয়া জিয়া হলে শরিয়তপুর-গোপালগঞ্জ গ্রুপের আশ্রয়ে যায়। গতকাল রাতে এই গ্রুপের সহিত আজাদ, রিপন, আসাদ, মঞ্জু প্রমুখ মাইক্রোবাসযোগে মুহসীন হলে হামলা চালায়। মুহসীন হল ছাত্রলীগের বাগেরহাট গ্রুপ নিয়ন্ত্রণ করিতেছে। রাতে দুই গ্রুপের মধ্যে অন্ততঃ ২০ রাউন্ড গুলী বিনিময় হয়।

রাত ৯ টার পর ভিসি প্রফেসর একে আজাদ চৌধুরী মুহসীন হলে যান।